



ডাকসু নির্বাচন: বাকেরকে সমর্থন জানিয়ে সরে দাঁড়ালেন মাহিন সরকার



সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে সাধারণ সম্পাদক (জিএস) পদে প্রতিদ্বন্দ্বিতা থেকে সরে দাঁড়িয়েছেন স্বতন্ত্র প্রার্থী মাহিন সরকার। তিনি বৈষম্যবিরোধী শিক্ষার্থী সংসদের জিএস প্রার্থী আবু বাকের মজুমদারকে সমর্থন জানিয়ে ভোটারদের তার পক্ষেই ভোট দিতে আহ্বান জানিয়েছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে সাধারণ সম্পাদক (জিএস) পদে লড়াই করার ঘোষণা দিয়েছিলেন স্বতন্ত্র প্যানেল 'ডিইউ ফাস্ট'—এর প্রার্থী মাহিন সরকার। তবে শেষ মুহূর্তে তিনি প্রার্থিতা থেকে সরে দাঁড়িয়ে বৈষম্যবিরোধী শিক্ষার্থী সংসদের প্রার্থী আবু বাকের মজুমদারকে সমর্থন জানান।

শুক্রবার (৫ সেপ্টেম্বর) দুপুরে মধুর ক্যান্টিনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে মাহিন সরকার বলেন, “আমি আমার সমর্থন আবু বাকের মজুমদারের প্রতি ঘোষণা করছি। সে বিজয়ী হলে এটি আমারও বিজয় হিসেবে গণ্য হবে। গণঅভ্যুত্থানের পর ছাত্র রাজনীতিতে কাঠামোগত সংস্কার আনার জন্য ডাকসু নির্বাচন অত্যন্ত জরুরি।”

তিনি আরও জানান, যেহেতু প্রার্থিতা আনুষ্ঠানিকভাবে প্রত্যাহারের সুযোগ নেই, তাই ভোটের ব্যালটে তার নাম থাকবে। তবে তিনি তার সমর্থকদের আবু বাকের মজুমদারকে ভোট দেওয়ার অনুরোধ করেন।

প্রসঙ্গত, এবারের ডাকসু নির্বাচনে মাহিন সরকার স্বতন্ত্র 'ডিইউ ফাস্ট' প্যানেল থেকে সাধারণ সম্পাদক পদে প্রতিদ্বন্দ্বিতা করছিলেন। অন্যদিকে বৈষম্যবিরোধী শিক্ষার্থী সংসদ থেকে একই পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন মো. আবু বাকের মজুমদার।